

গোপালচাঁদ কয় বলছে ডেকে, ভূপাল পাবি হরিচাঁদের  
চরণ ( তোর ) ভয় নাই রে ॥



১৪৩ নং

তাল—একতালা

কেমন ক'রে গুরুচাঁদ বাবা পাবো তোমারে ।

তোমার সাধন না জানি দয়াল রে,

ভক্তি নাই এ আঁধারে ॥

- ১। যে না দেশে রয়েছ তুমি, দেহের গৌরব ছেড়ে কবে  
সেথা যাই আমি,  
আমি পেয়ে বঙ্গ রঙ্গভূমি রে,  
আজ আমি প'ড়েছি ঘোর আন্ধারে ।
- ২। তোমার হাতের গড় দেহখান,  
কামিনীর কাম-রস ক্ষেত্রে করলেম সম্প্রদান,  
আমার মন করিলো না প্রেম আয়োজন রে,  
ডুবলো নারে ভাব সাগরে ॥
- ৩। সারা দিবস বিষয় চিন্তা রজনীতে ভজনেতে  
প্রতিকূল কান্ডা,  
আমি তাহাতে হইনু লঙ্ঘ হস্তারে,  
গেছে মোর দেহের গতির পাক পড়ে ॥